

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

জিবিএসআরডি সার্কুলার লেটার নং : ০২

আগস্ট ১৮, ২০১৪

তারিখ : -----

ভাদ্র ০৩, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কীম।

শিরোনামোক্ত বিষয়ে জিবিএসআরডি সার্কুলার নং: ০২ তারিখ জুলাই ০১, ২০১৩ ও জিবিএসআরডি সার্কুলার লেটার নং: ০১ তারিখ মে ২০, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার ও সার্কুলার লেটার এর আওতায় “নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর নীতিমালায় মোট ৯টি খাতে ৪৪টি প্রোডাক্টে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। স্কীমের আওতা বৃদ্ধিকল্পে বিদ্যমান ৪৪টি প্রোডাক্টের পাশাপাশি নিম্নবর্ণিত আরও ৩টি প্রোডাক্টকে চলমান পুনঃঅর্থায়ন স্কীমে অন্তর্ভুক্ত করা হলো।

স্কীমের আওতাভুক্ত নতুন ৩টি প্রোডাক্টের সর্বোচ্চ ঋণসীমা :

খাত	উপ খাত	প্রোডাক্ট	ঋণসীমা (উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপন করতঃ নির্ধারণ করা হবে; তবে তা একক প্রকল্পে নিম্নরূপ সীমা অতিক্রম করবে না)
১. নবায়নযোগ্য জ্বালানিঃ	সৌর শক্তি	সোলার পাম্প এর মাধ্যমে ভূ উপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক সরবরাহ প্রকল্প	৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা
২. গ্রিন ইভালুইট :	-	গ্রিন ইভালুইট স্থাপন	২০,০০,০০,০০০/০০ (বিশ কোটি) টাকা
৩. কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণঃ	-	বস্ত্র ও পোষাক শিল্প কারখানায় কর্মরতদের কর্মপরিবেশ এবং নিরাপত্তা নিশ্চিত করা	১,০০,০০,০০০/০০ (এক কোটি) টাকা

১.নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

১.১ সোলার পাম্প এর মাধ্যমে ভূউপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক সরবরাহ প্রকল্প :

ভূগর্ভস্থ পানির ব্যবহার বৃদ্ধির কারণে পানির স্তর পর্যায়ক্রমে নীচে নেমে যাচ্ছে। সময়ের বিবর্তনে এ সমস্যা প্রকট আকার ধারণ করেছে। ভূউপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধিই কেবলমাত্র এ বিপর্যয় রোধ করতে পারে। এ প্রেক্ষিতে সৌর শক্তি চালিত পাম্প ব্যবহারপূর্বক ভূউপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক পানি উপযোগী করে সরবরাহ প্রকল্প স্থাপনের মাধ্যমে জনস্বাস্থ্য সংরক্ষণ ও পরিবেশ বিপর্যয় রোধ করার নিমিত্ত এ খাতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এ ধরনের প্রকল্পে সর্বোচ্চ ৩.০০ (তিন কোটি) কোটি টাকার পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

(ক) ঋণ সীমা : সৌর প্যানেলের ক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ ৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা পর্যন্ত।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা : উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান অথবা Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এ নিবন্ধিত প্রতিষ্ঠান; MRA এর নিবন্ধিত MFI; তবে তাদেরকে উপকারভোগী গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ঋণের মেয়াদ শেষে প্রকল্পটির মালিকানা উপকারভোগী গ্রাহকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতির অনুকূলে হস্তান্তর করতে হবে।

চলমান পাতা নং: ০২

(গ) গ্রাহক পর্যায়ে সুদের হার :

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি {উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান/MRA এর নিবন্ধিত MFI} অর্থায়নের ক্ষেত্রে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্যব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়েরী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]।

(ঘ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ৯ (নয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০ (দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

(ঙ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক+সোলার প্যানেল+সোলার পাম্প+ ভূ-গর্ভস্থ পাইপ।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

২. গ্রিন ইন্ডাস্ট্রি (Green Industry)

২.১ গ্রিন ইন্ডাস্ট্রি (Green Industry) :

প্রাকৃতিক আলো, বাতাস, পানি ও জ্বালানী সাশ্রয়ী/দক্ষ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি কর্মরত শ্রমিকদের কর্মপরিবেশ সুরক্ষা করার বিষয়টি “গ্রিন ইন্ডাস্ট্রি” স্থাপনের মাধ্যমে নিশ্চিত করা সম্ভব। এ ধরনের সমন্বিত প্রযুক্তির ব্যবহার কিছুটা ব্যয়বহুল বিধায় এ খাতের সম্প্রসারণের স্বার্থে এতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। তবে এখন পর্যন্ত গ্রিন ইন্ডাস্ট্রি/বিল্ডিং সংক্রান্ত কোন সরকারী নির্দেশনা/পরিপত্র জারি না হওয়ায় সাময়িকভাবে U.S. Green Building Council (USGBC)/Leadership in Energy and Environmental Design (LEED) কর্তৃক নির্মাণকৃত প্রকল্পটি “গ্রিন ইন্ডাস্ট্রি” এ মর্মে প্রত্যাখ্যাত হতে হবে। সরকারী নির্দেশনা/পরিপত্র জারি হওয়ার পর উক্ত সরকারী নির্দেশনা অনুসরণীয় হবে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+পুরকর্ম (Civil Work)।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা : Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

(গ) ঋণ সীমা : প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপণপূর্বক পুনঃঅর্থায়ন সীমা নির্ধারণ করা হবে তবে তা ২০,০০,০০,০০০/০০ (বিশ কোটি) টাকা এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার : সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৬(ছয়) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৬(ছয়) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

৩. কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিত করণ :

৩.১ কারখানায় কর্মরতদের কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিত করাঃ

Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA), Bangladesh Knitwear Manufacturers & Exporters Association (BKMEA), Bangladesh Textile Mills Association (BTMA) এর সদস্যভুক্ত তৈরী পোষাক, নীটওয়্যার ও ট্রেজারাইল শিল্প প্রতিষ্ঠান যাদের নিজস্ব কারখানা রয়েছে তাদেরকে কারখানার নিরাপদ কর্মপরিবেশ তথা অগ্নিনির্বাপক সামগ্রী, অগ্নি প্রতিরক্ষামূলক সামগ্রী, ছাদ এবং ভূগর্ভে প্রয়োজনীয় সংখ্যক পাম্পসহ পানি সংরক্ষাণাগার নির্মাণ ইত্যাদিসহ এতদুদ্দেশ্যে সংস্কার, পুনর্গঠন ও প্রতিস্থাপন কাজের জন্য পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

ক) ঋণের আওতাঃ কারখানার নিরাপদ কর্মপরিবেশ সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধিমালা অনুসরণে পরিপালিত ব্যয়সমূহ {প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+পুরকর্ম (Civil Work)} পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।

খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতাঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। তবে প্রতিষ্ঠানকে BGMEA, BKMEA অথবা BTMA এর সদস্য হতে হবে।

গ) ঋণ সীমা : প্রকৃত ব্যয় নিরূপণপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা একক ঋণ গ্রহীতা প্রতি ১,০০,০০,০০০/০০ (এক কোটি) টাকা এর অধিক হবে না।

ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার : সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন : ঋণ গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত : ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

অন্যান্য নির্দেশনাঃ গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হিসাবায়ন, পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা, ঋণের সদ্যবহার ও তথ্য সরবরাহ, আদায় এবং বিশেষ শর্তাবলী জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০২/২০১৩ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী পরিপালনীয় হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে Participating Financial Institution (PFI) সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) উপরোক্ত ধারাসমূহ সংযোজিত হয়েছে বলে গণ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্রান্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯২

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

E-mail: morshed.millat@bb.org.bd